

**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উভাবনী দক্ষতা বৃক্ষি এবং নাগরিক সেবাপ্রদান প্রক্রিয়া সহজীকরণের পথ  
উভাবন ও চৰ্চার লক্ষ্যে আগস্ট, ২০১৯ মাসের অগ্রগতি সংক্রান্ত ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণীঃ**

**সভাপতিঃ** জনাব এ. টি, এম কামরুল ইসলাম তাং  
(যুগ্মসচিব)  
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

**স্থানঃ** দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের লেভেল ৮ এর সভা কক্ষ

**তারিখঃ** ২৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি:

**সময়ঃ** দুপুর ১২:০০ টা

**উপস্থিতিঃ** পরিশিষ্ট “ক” সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রারম্ভিক বক্তব্য প্রদান করেন। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী  
সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে উপপরিচালক (পরিকল্পনা) আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনাপ্রে  
নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
২.১	Call rate & other facilities of Corporate SIM	<p>অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মধ্যে সরবরাহকৃত কর্পোরেট সীম ব্যবহার না করার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। কর্পোরেট সীম এর কল রেট অতিরিক্ত বিধায় এটিকে পোস্ট-পেইড এর পরিবর্তে প্রি-পেইড করা যেতে পরে। এছাড়া অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের সকল কর্মকর্তার টেলিফোন নম্বর সম্বিবেশিত করে টেলিফোন ডিরেক্টের বিষয়ক একটি Mobile App আউট সের্ভিস এর মাধ্যমে প্রস্তুত করা যেতে পারে।</p> <p><b>সিদ্ধান্তঃ</b></p> <p>১। কর্মকর্তাগণ যাতে সরবরাহকৃত সীমটি ব্যবহার করেন তা নিশ্চিতকরণের জন্য প্রশাসন অনুবিভাগ হতে পুনরায় তাগিদ প্রদান করতে হবে।</p> <p>২। কল রেট কমানো/ প্রি-পেইডকরণের বিষয়ে গ্রামীণফোন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৩। অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের সকল কর্মকর্তার টেলিফোন নম্বর সম্বি�বেশিত করে টেলিফোন ডিরেক্টের বিষয়ক একটি Mobile App প্রস্তুতের জন্য সকল জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, ডিআরআরও এবং পিআইওগণের নম্বর এ অধিদপ্তরে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দিতে হবে এবং এ বিষয়ে SMoDMRPA প্রকল্পের সহযোগিতা নিতে হবে।</p>	পরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রশাসন) ও প্রোগ্রামার
২.২	Grievance Redress System (GRS)	<p>উপপরিচালক (প্রশাসন-১) এর পক্ষে সহকারি পরিচালক (প্রশাসন-১) জানান যে, এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত GRS System কার্যকর করণের জন্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রশিক্ষণ দেয়া প্রয়োজন।</p> <p><b>সিদ্ধান্তঃ</b></p> <p>১। GRS System কার্যকরকরণের জন্য বাজেট প্রাপ্তি সাপেক্ষে অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারিগণকে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	পরিচালক (গবেষনা ও প্রশিক্ষণ)
২.৩	Digital gate & digital display in entrance of DDM	<p>সভাপতি বলেন, ডিজিটাল ডিসপ্লেসহ একটি দৃষ্টিনন্দন গেইট এবং গেইটের সাথে মানানসই বাউটারি ওয়াল নির্মাণ "আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)" প্রকল্পের তহবিল হতে বাস্তবায়ন করা যেতে পারে।</p> <p><b>সিদ্ধান্তঃ</b></p> <p>১। প্রশাসন অনুবিভাগ হতে "আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)" প্রকল্পের প্রকল্প পরিচালকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে এর বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করতে হবে।</p>	পরিচালক (প্রশাসন) ও জনাব মোঃ নুরুল হুদা, সহকারী প্রকৌশলী
২.৪	Keep the DDM library running & useful	<p>অধিদপ্তরের লাইব্রেরীটি ব্যবহার উপযোগী করার বিষয়ে আলোচনা হয়। জনবলের অভাবে লাইব্রেরীটি পুরোপুরি ব্যবহার উপযোগী করা সম্ভব হচ্ছে না।</p> <p><b>সিদ্ধান্তঃ</b> ১। লাইব্রেরীটি ব্যবহার উপযোগী করার জন্য প্রশাসন অনুবিভাগ একজন কর্মচারী নিয়োগ/পদায়নের উদ্যোগ নিতে হবে। কর্মচারী পদায়ন না হওয়া পর্যন্ত উপপরিচালক (কাবিখা-২)</p>	পরিচালক (প্রশাসন) ও

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিকান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		লাইভেরিটি ব্যবহার উপযোগী করার বিষয়টি নিশ্চিত করবেন।	উপপরিচালক (কাবিখা-২)
২.৫	Prepare E-service roadmap for DDM	<p>অধিদপ্তরের প্রস্তুতকৃত ও ইতোমধ্যে মন্ত্রণালয় এবং a2i অফিসে প্রেরিত ই-সার্ভিস রোডম্যাপ বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়েছে।</p> <p>1. Disaster Drill Management System 2. Training Management System 3. GIS-based Shelter Management Information System 4. Emergency Disaster Alert System 5. Complain and Grievance Management System 6. Human Resource Management System</p> <p><b>সিকান্তঃ</b></p> <p>১। ই-সার্ভিস রোডম্যাপ বাস্তবায়নের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i এর সাথে যোগাযোগপূর্বক অবিলম্বে প্রকল্প প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	উপ-পরিচালক (প্রশিক্ষণ)
২.৬	বিবিধ (ক) প্রগোদ্ধনা	<p>সভাপতি বলেন যে, জুলাই-সেপ্টেম্বর, ২০১৯ প্রাতিক্রিয়ে জন্য শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের নিমিত্ত প্রতি অনুবিভাগে পত্র প্রেরণপূর্বক মনোনয়ন সংগ্রহ করতে হবে। নির্বাচিত শ্রেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীগণকে পুরস্কার হিসেবে তাদের নাম ও ছবি অধিদপ্তরের ডিসপ্লেবোর্ডে প্রদর্শনসহ ১টি সার্টিফিকেট প্রদান করা যেতে পারে।</p> <p><b>সিকান্তঃ</b></p> <p>১। শ্রেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীর নির্বাচনের নিমিত্ত ০৭ কর্ম দিবসের মধ্যে তালিকা প্রেরণের জন্য সকল অনুবিভাগকে পত্র প্রেরণ করতে হবে।</p> <p>২। উপপরিচালক (বাজেট/হিসাব) পুরস্কার প্রদানের জন্য প্রয়োজনীয় বাজেট সংস্থানের ব্যবস্থা করবেন।</p>	<p>উপপরিচালক (পরিকল্পনা)</p> <p>ও</p> <p>উপপরিচালক (বা/হি)</p>
	খ) ডকুমেন্টেশন কমিটি	<p>উপপরিচালক (এমআইএম) বলেন, প্রত্যেক জেলা হতে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ স্থির চিত্র অধিদপ্তরে পাঠালে তা দিয়ে ডকুমেন্টেশন তৈরী করা হবে। এছাড়া দুর্ঘাগ্রস্ত ব্যবস্থাপনা অধিদপ্তরের সার্বিক কার্যাবলী ও ভূগোক শীর্ষক একটি ১০-১৫ মিনিটের ডকুমেন্টারী এবং ঘূর্ণিবড় ও বন্যা বিষয়ে প্রতিটি ৫-৬ মিনিটের ডকুমেন্টারী তৈরীর উদ্যোগ নেয়া হচ্ছে। তিনি আরো বলেন, প্রতি অনুবিভাগ হতে খসড়া বিষয়বস্তুর উপর মতামত প্রেরণের জন্য পত্র দেয়া হলেও সকল অনুবিভাগের মতামত পাওয়া যায়নি। স্থির চিত্র প্রেরণের জন্য প্রকল্প পরিচালক, অধিদপ্তরের বিভিন্ন অনুবিভাগের পরিচালক এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে পত্র দেয়া হয়েছে।</p> <p><b>সিকান্তঃ</b></p> <p>১। যে সকল অনুবিভাগ থেকে ডকুমেন্টারীর খসড়ার বিষয়ে মতামত পাওয়া যায়নি তাদের তাগিদপ্তর প্রদান করতে হবে।</p> <p>২। ডকুমেন্টেশন কমিটির পক্ষ থেকে আগামী সভায় প্রস্তুতকৃত ডকুমেন্টেশনের চূড়ান্ত স্ক্রিপ্ট উপস্থাপন করতে হবে।</p> <p>৩। অন্তিমিলম্বে স্থিরচিত্র প্রেরণের জন্য সকল প্রকল্প পরিচালক, অধিদপ্তরের বিভিন্ন অনুবিভাগের পরিচালকবৃন্দ এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে পুনরায় তাগিদ পত্র দিতে হবে।</p>	<p>উপপরিচালক (এমআইএম)</p> <p>ও</p> <p>ডকুমেন্টেশন কমিটির সদস্যব�ৃন্দ (কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট এবং জনাব আবুল কালাম আজাদ, ব্যক্তিগত সহকারী।</p>
	গ) দুর্ঘাগ্রস্ত বিষয়ক মহড়া আয়োজন	<p>উপপরিচালক (পরিকল্পনা) বলেন যে, দুর্ঘাগ্রস্ত মহড়া আয়োজনের জন্য মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বরাবর অনুরোধ জ্ঞাপনপূর্বক পত্র প্রদান করা হয়েছে।</p> <p><b>সিকান্তঃ</b></p> <p>১। উপপরিচালক (ত্রাণ-২) পরিচালক(ত্রাণ) এর সহযোগিতায়, ইনোভেশন কমিটির আগামী সভার পূর্বে অধিদপ্তর ভবনে দুর্ঘাগ্রস্ত বিষয়ক মহড়া আয়োজনের তারিখ নির্ধারণ পূর্বক বিষয়টি ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স কর্তৃপক্ষকে অবহিত করবেন।</p>	<p>পরিচালক (ত্রাণ)</p> <p>ও</p> <p>উপপরিচালক (ত্রাণ-২)</p>
	ঘ) বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন	<p>এ বিষয়ে উপপরিচালক (পরিকল্পনা) জানান, দুর্ঘাগ্রস্ত ব্যবস্থাপনা অধিদপ্তরের সিটিজেন চার্টার হতে চারটি সেবা নির্বাচনপূর্বক সহজীকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত চারটি উপকমিটি গঠন করা হয়েছে:</p> <p>১। দুর্ঘাগ্রস্তের আগাম সতর্কতার্তা SMS এর মাধ্যমে সকল মোবাইল অপারেটরের সাহায্যে জনগণের মাঝে দুটি পৌছানোর ব্যবস্থা গ্রহণের উপায় উন্নাবনের জন্য উপপরিচালক (এমআইএম),</p>	

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		<p>উপপরিচালক (প্রশমন), প্রোগ্রামার এবং সহকারী পরিচালক (জিআইএস) এর সমন্বয়ে গঠিত কমিটি।</p> <p>২। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভিজিএফ উপকারভোগীদের নিকট তাদের সেবা প্রদান সম্পর্কিত তথ্যাবলী দ্রুত প্রেরণের নিমিত্ত ডাটাবেজ তৈরী পূর্বক SMS প্রদানের উপায় উভাবনের জন্য পরিচালক (ভিজিএফ), উপপরিচালক (মুওপ), উপপরিচালক (ভিজিএফ), সহকারী পরিচালক (প্রশাসন) এর সমন্বয়ে গঠিত কমিটি।</p> <p>৩। অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগনের হালনাগাদ ডাটাবেজ তৈরীকরণের মাধ্যমে দ্রুত সেবা নিশ্চিতকরণের উপায় উভাবনের জন্য উপপরিচালক (প্রশাসন-১) ও (প্রশাসন-২), সহকারী পরিচালক (যানবাহন) ও কম্পিউটার অপারেটর জনাব মোঃ বোরহান উদ্দিন এর সমন্বয়ে গঠিত কমিটি।</p> <p>৪। মাননীয় সংসদ সদস্যদের বিশেষ করে সংরক্ষিত আসনের মহিলা সংসদ সদস্যগণের মাঝে বরাদ্দ প্রদান/ অর্থহাড় প্রক্রিয়ার ধাপ কমিয়ে সহজ করার উদ্যোগ গ্রহণের ব্যবস্থা নেয়া হচ্ছে। আলোচনার এ পর্যায়ে প্রোগ্রামার বলেন, আলোচ্য ২,৩ ও ৪ নং সেবার বিষয়ে SMoDMRPA প্রকল্প হতে ব্যবস্থা নেওয়া হচ্ছে; বিধায় উল্লিখিত কমিটি কর্তৃক ব্যবস্থা নেওয়ার আপাততঃ প্রয়োজনীয়তা নেই।</p> <p><b>সিদ্ধান্তঃ</b></p> <p>১। ১নং সেবার বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কমিটি তাদের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করবেন।</p> <p>২। ২, ৩ ও ৪ নং সেবার বিষয়ে সর্বশেষ অগ্রগতি সম্পর্কে SMoDMRPA প্রকল্প হতে খৌজ নিয়ে উপপরিচালক (পরিকল্পনা) ও প্রোগ্রামার আগামী সভায় তা উপস্থাপন করবেন।</p>	<p>উপপরিচালক (এমআইএম)</p> <p>উপপরিচালক (প্রশমন)</p> <p>প্রোগ্রামার এবং সহকারী পরিচালক (জিআইএস)</p>
৫)	ভিডিও কনফারেন্স	<p>উপপরিচালক (পরিকল্পনা) বলেন, মাঠ পর্যায়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ে কর্মরত জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের সাথে ভিডিও কনফারেন্স এর আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়। সভাপতি বলেন, সপ্তাহের রবি এবং বুধবার ব্যতীত অন্যান্য দিনে এই ভিডিও কনফারেন্সের আয়োজন করা যেতে পারে। এ ব্যাপারে অতিদ্রুত মহাপরিচালক মহোদয়ের অনুমতি সাপেক্ষে ভিডিও কনফারেন্সের আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।</p> <p><b>সিদ্ধান্তঃ</b></p> <p>১। পাইলট কর্মসূচি হিসেবে ২টি উপজেলার কর্মকর্তাগণদের সাথে ভিডিও কনফারেন্সের আয়োজনের তারিখ ও Agenda নথিতে দিয়ে চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়ন করবেন।</p>	<p>পরিচালক (প্রশাসন)</p> <p>ও</p> <p>প্রোগ্রামার</p>
৬)	চ) ইনোভেশন এর উপর Refresher Training আয়োজন।	<p>সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i প্রকল্পের সহায়তায় ইনোভেশন এর উপর Refresher Training আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাজেট পাওয়া গেলে সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।</p> <p><b>সিদ্ধান্তঃ</b></p> <p>১। Refresher Training এর বাজেট প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>উপপরিচালক (প্রশিক্ষণ)</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
 (এ. টি. এম. কামরুজ্জামান ইসলাম তাঃ)  
 (মুগ্ধসচিব)  
 পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)  
 ও  
 সভাপতি  
 ইনোভেশন টিম

স্মারক নং-৫১.০১.০০০০.০৩১.০৬.০০১.১৯ - ২৮৭ (ক)

তারিখ: ২৫ নভেম্বর ২০১৯ খ্রি:

বিতরণঃ (জ্যোতিতাৰ ক্ৰমানুসূৱে নয়)

- ১। পরিচালক (প্ৰশাসন/প্ৰশিক্ষণ ও গবেষণা/পৰিকল্পনা ও উন্নয়ন/ত্ৰাণ/ভিজিভি), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তৰ, ঢাকা।
- ২। উপসচিব (আইন) ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্ৰাণমন্ত্ৰণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (প্ৰশাসন-১/প্ৰশাসন-২/প্ৰশিক্ষণ/প্ৰশমন/এমআইএম/কাৰিখা/মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তৰ, ঢাকা।
- ৪। প্ৰোগ্ৰামাৰ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তৰ, ঢাকা।
- ৫। সহকাৰী পরিচালক (প্ৰশাসন/যানবাহন/জিআইএস), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তৰ, ঢাকা।
- ৬। সৈয়দ আশৰাফ-উল-ইসলাম, কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তৰ, ঢাকা।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকাৰী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তৰ, ঢাকা (মহোদয়ের সদয় অবগতিৰ জন্য)।
- ৮। পরিচালক (পৰিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত সহকাৰী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তৰ, ঢাকা (সদয় অবগতিৰ জন্য)।
- ৯। জনাব ..... দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তৰ, ঢাকা।

  
(মোহাম্মদ হারুন আৰ রশিদ)  
(উপসচিব)  
উপপরিচালক (পৰিকল্পনা) ২৫/১১  
ও  
সদস্য-সচিব  
ইনোভেশন টিম